

শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

ধনী ব্যক্তি,
গরিব
ব্যক্তি



লেখক: Edward Hughes
চিত্রাংকন: M. Maillot; Lazarus

অনুব্রূক: Manab Biswas
অভিযোজন: M. Maillot; Sarah S.

গল্প ৬০ এর ৪৪

www.M1914.org

Bible for Children, PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada

স্বত্বাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবে না।

বাংলা

Bengali

যীশু অনেক ধার্মিক নেতাদের
জানতেন, যারা ঈশ্বরকে প্রেম করার
থেকে টাকা-পয়সাকে প্রেম করত।



দুই ব্যক্তির কী হয়েছিল এবং ঈশ্বর ছাড়া
কেন এই ধন অর্থহীন, সে বিষয়ে তিনি
তাদের বললেন। ধন-সম্পত্তি দ্বারা
স্বর্গীয় ঈশ্বরকে কেনা যায় না।



একসময় এক ধনী ব্যক্তি ছিলেন, তার অনেক সুন্দর কাপড় ছিল, যা তিনি অনেক দাম দিয়ে কিনেছিলেন। তিনি রাজাদের মতো কাপড় পরতেন।




3

ধনী ব্যক্তি খুব ভালো খাওয়া-দাওয়া করতেন। প্রত্যেকটি আহার একটা ভোজসভার মতো। তার এত টাকা-পয়সা ছিল যে, সকাল, দুপুর ও সন্ধ্যাবেলার খাওয়া-দাওয়ার জন্য, অথবা এর ফাঁকে জলখাবারের জন্য যা চাইতেন, তাই কিনতে পারতেন।



4

ধনী ব্যক্তির দরজার সামনে একজন অসুস্থ, দরিদ্র ভিখারি ছিল। তার নাম লাসার।



5

গরিব লাসারের শরীর ফোঁড়ায় ভরা ছিল। বোধহয় তার কোনও রোগ ছিল। বোধহয় তার কাটা এবং ঘা অন্য কারও কাছ থেকে এসেছিল। হতে পারে তার এই ঘা ভালো খাবার যেমন - দুধ, সন্নি অথবা মাংস না খাওয়ার জন্য হয়েছিল।



6

লাসার খাবারের অপেক্ষায় ছিল। ধনী ব্যক্তির খাদ্যের এক টুকরো রুটি পেলে হয়তো সে খুশি হতে পারত।



7

কোনও কোনও সময় রাস্তার কুকুররা এই দরিদ্র ভিখারির কাপড়ের উপর দিয়ে চলে যেত। তারা তার শরীরের ঘাগুলো চাটত। এরকম মনে হচ্ছিল যে, কেউ তার অনাহারের ব্যাপারটা খেয়াল করেনি।



8

একদিন সকালে
লাসার ঘুম থেকে
উঠল না। দরিদ্র,
অনাহারী,
বন্ধুহীন
ভিখারি তার
জীবন ছেড়ে
চলে গেল।
লাসার মারা
গেল।



9

যে মুহূর্তে সে মারা গেল,
তার আনন্দ শুরু হল। যীশু
বললেন, “স্বর্গদূতরা তাকে কোলে করে
অব্রাহামের সাথে থাকার জন্য নিয়ে গেল।
ঈশ্বর লাসারকে সান্ত্বনা দিলেন”।



10

ধনী ব্যক্তিও মারা গেল।
তার সমস্ত টাকা-পয়সা তাকে
বাঁচাতে পারল না। মৃত্যু
যখন আসল, তখন কেউ
তাকে আটকাতে পারল না।



11

ধনী ব্যক্তিকে কবর দেওয়া হয়েছিল। বোধহয় এটা ছিল
এক বিরাট সমাধিক্রিয়া। বোধহয় লোকজন তার চালাকি
ও সাফল্যের প্রশংসা করেছিল। কিন্তু তাদের প্রশংসা
তাকে সাহায্য করেনি। সেই ধনী
ব্যক্তি নরকে গেছিল।



12

নরকে ধনী ব্যক্তি কাঁদল, “পিতা অব্রাহাম, আমার কাছে
লাসারকে পাঠান, যাতে ওর আগুলের ভেজানো এক ফোঁটা জল
আমার জিভকে তৃপ্ত করে, কারণ এই আগুনে আমি জ্বলছি”।




13

অব্রাহাম ধনী ব্যক্তিকে স্মরণ
করালেন, “তোমার জীবনে তুমি
সবকিছু পেয়েছ এবং লাসারের
কিছুই ছিল না। এখন লাসার
আরামদায়ক অবস্থায় ও তুমি
আগুনে জ্বলছ। তোমার ও
আমাদের মধ্যে যে ব্যবধান,
সেখানে কেউ পার
হয়ে আসতে পারবে না”।




14

ধনী ব্যক্তি অনুরোধ করল, “আমার পাঁচ ভাইকে সাবধান করার জন্য লাসারকে পাঠান, আমি চাই না যে, তারাও এই জায়গায় এসে জ্বলে”।



15

অব্রাহাম উত্তর দিল, “ঈশ্বরের বাক্য তাদের কাছে আছে”। পাঁচ ভাই যদি বাইবেলে বিশ্বাস না করে, তাহলে লাসার মৃত থেকে উঠে এলেও তারা বিশ্বাস করবে না।



16

যীশু যখন ধনী ব্যক্তি ও লাসারের গল্প শেষ করলেন, বোধহয় ধর্মীয় নেতারা নিজেরাই নিজেদেরকে প্রশ্ন করছিল, “আমি কি ঈশ্বরকে প্রেম করা থেকে টাকা-পয়সাকে বেশি ভালোবাসি?”



17

এখন তারা জানতে পারল যে, ঈশ্বরের বাক্যে মনোযোগ না দিলে কী হতে পারে।



18

ধনী ব্যক্তি, গরিব ব্যক্তি

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

লুক ১৬

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”

গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিভঙ্গরূপে তিনি ক্রুশে মৃত্যুবরণ করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেননি এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্ডকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্দ্বন্দন হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!